গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং ১২.০০.০০০০.০৩০.০৪০.১১৫.১৫-৫৮

তারিখ ঃ ১৬/১০/১৪২১ বঃ / ২৯/০১/২০১৫ খ্রিঃ

পরিপত্র

বিষয় ঃ নন-ইউরিয়া সার আমদানি, বিক্রয় এবং ভর্তুকি বিতরণ/প্রদান পদ্ধতি।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, নন-ইউরিয়া সার আমদানি, বিক্রয় এবং ভর্তুকি বিতরণ/প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসৃত হবে ঃ

১। বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক আমদানীকৃত, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) কর্তৃক উৎপাদিত এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) কর্তৃক নিবন্ধিত আমদানিকারকদের মাধ্যমে নন-ইউরিয়া সার আমদানির ক্ষেত্রে ভর্তুকি কার্যক্রম অব্যাহত থাকবে।

২। যে সকল নন-ইউরিয়া সার ভর্তুকির আওতাভুক্ত হবে বিনির্দেশসহ সেগুলোর বিবরণ নিম্নে প্রদত্ত হলো ঃ

a. Triple Super Phosphate (TSP)

(i) Total Phosphates (as P_2O_5) percent by weight. Min. 46.0
(ii) Water Soluble Phosphates (as P_2O_5) percent by weight. Min. 40.0
(iii) Free Phosphoric acid (as P_2O_5) percent by weight. Max. 3.0
(iv) Moisture percent by weight, max.5.0

b. Di-Ammonium Phosphate (DAP)

(i) Total Phosphates, (as P_2O_5) percent by weight. Min. 46.0
(ii) Water Soluble Phosphates (as P_2O_5), percent by weight. Min. 41.0
(iii) Total nitrogen, all in ammoniacal form, percent by weight, minimum 18.0
(iv) Moisture percent by weight, max.1.0
(v) The material shall be in the form of free-flowing granules
(vi) Particle size-Minimum 90 percent of the material shall pass through 4mm BDS sieve and be retained on 1mm BDS sieve. Not more than 5 percent should be below 1 mm sieve.

c. Mono-Ammonium Phosphate (MAP)

(i) Total Phosphates (as P_2O_5), percent by weight. Min. 46.0
(ii) Water Soluble Phosphates (as P_2O_5) percent by weight. Min. 41.0
(iii) Total nitrogen, all in ammoniacal form, percent by weight, minimum 11.0
(iv) Moisture, percent by weight, max.1.0
(v) Colour- White/Off white
(vi) Physical condition-Powder

চলমান- ১/৭

d. Muriate of Potash (MOP)

(i) Total Potash content (as K2O) percent by weight, minimum 60.00
(ii) Sodium as NaCl percent by weight (on dry basis), maximum 3.5
(iii) Moisture percent by weight, maximum 0.5
(iv) Physical condition: Standard Grade, Free Flowing and Free from harmful substances
(v) Particle size: Minimum 95 percent of the material shall pass through 1.7mm IS sieve and be retained on 0.25mm IS sieve.

Note: The manufacturer's guaranteed analysis shall indicate that "the product does not contain toxic wastes and the level of heavy metals present is not hazardous for human health, crop and environment".

৩। (ক) সরকার/সার সংশ্লিষ্ট সর্বোচ্চ নীতি নির্ধারণী কমিটি প্রতি বছর সারের চাহিদা ও সংগ্রহ পরিকল্পনা প্রণয়ন করবে। বার্ষিক চাহিদার নিরিখে এবং সরকার অনুমোদিত সংগ্রহ পরিকল্পনার আওতায় নির্ধারিত পদ্ধতি অবলম্বনে বেসরকারী আমদানীকারকগণ নির্ধারিত পরিমাণ নন-ইউরিয়া সার আমদানীর পদক্ষেপ গ্রহণ করবেন।

(খ) সরকার/সার সংশ্লিষ্ট সর্বোচ্চ নীতি নির্ধারণী কমিটির নির্দেশনা মোতাবেক বিএডিসি নির্ধারিত পরিমাণ নন-ইউরিয়া সার আমদানি করবে।

(গ) সরকার/সার সংশ্লিষ্ট সর্বোচ্চ নীতি নির্ধারণী কমিটি কর্তৃক নির্ধারিত পরিমাণ নন-ইউরিয়া সার বিসিআইসি উৎপাদন করবে।

৪। কৃষক/ব্যবহারকারী পর্যায়ে নন-ইউরিয়া সারের সর্বোচ্চ বিক্রয় মূল্য ও ডিলারের ক্রয় মূল্য সময়ে সময়ে সরকার নির্ধারণ করবে।

৫। বিএডিসি ও বেসরকারী আমদানীকারকদের ক্ষেত্রে প্রকৃত আমদানী এবং বিসিআইসি কর্তৃক প্রকৃত উৎপাদিত সারের পরিমাণের উপর ভর্তুকি প্রযোজ্য হবে।

৬। (ক) বিএডিসি ও বেসরকারী পর্যায়ে আমদানিকৃত সারের ক্ষেত্রে স্থানীয় খরচসহ নির্ধারিত আমদানী মূল্য ও সরকার কর্তৃক নিরূপিত ডিলারের ক্রয়মূল্যের পার্থক্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ভর্তুকি হিসেবে প্রাপ্য হবে।

(খ) বিসিআইসি'র উৎপাদিত টিএসপি ও ডিএপি সারের ক্ষেত্রে বিসিআইসি উৎপাদন খরচ নিরূপণ করবে এবং সরকার কর্তৃক নিরূপিত ডিলারের ক্রয়মূল্য বাদে মোট উৎপাদন খরচের অবশিষ্ট অংশ সরকারী সিদ্ধান্ত অনুযায়ী বিসিআইসি ভর্তুকি হিসেবে প্রাপ্য হবে।

৭। সরকার অনুমোদিত সংগ্রহ পরিকল্পনার আওতায় আমদানীকৃত সমপরিমাণ নন-ইউরিয়া সার ভর্তুকির আওতাভুক্ত হবে। অতিরিক্ত সার আমদানী করা হলে তা ভর্তুকির আওতাভুক্তকরণের জন্য সরকার বাধ্য থাকবে না।

চলমান- ২/৭

৮। সরকার নির্ধারিত বিনির্দেশ'এর আওতায় নিম্নোক্ত প্রক্রিয়ায় বেসরকারী পর্যায়ে ভর্তুকির আওতায় সার আমদানি করতে হবে ঃ

ক. বেসরকারী পর্যায়ের জন্য নির্ধারিত পরিমাণ সার আমদানির জন্য কৃষি মন্ত্রণালয় হতে সার আমদানিকারকগণকে অবহিতকরণের উদ্যেশ্যে বেসরকারী পর্যায়ে সার আমদানিকারকদের সংগঠন/বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশনকে অবহিত করা হবে। পাশাপাশি মন্ত্রণালয়ের ওয়েব-সাইটেও তা প্রকাশ করা হবে।

খ. নির্ধারিত সময়সীমার মধ্যে সার আমদানিকারকগণ নিম্নবর্ণিত কাগজপত্রসহ কৃষি মন্ত্রণালয়ে আবেদন করবেন ঃ

i. কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের হালনাগাদ নিবন্ধন;

ii. উৎপাদক প্রতিষ্ঠান কর্তৃক বিনির্দেশ সংক্রান্ত সনদ;

iii. টনপ্রতি সারের মোট মূল্য (মার্কিন ডলারে) - মূল্যে নিম্নবর্ণিত উপাদান অন্তর্ভুক্ত থাকবেঃ

- সি.এফ.আর মূল্য;
- অন্যান্য খরচ (যেমন-সুদ বাদে প্রযোজ্য ক্ষেত্রে ব্যাংকের সকল খরচ, ব্যাগের মূল্য, ভ্যাট ইত্যাদি)

* তবে সারের সি.এফ.আর মূল্য পৃথকভাবে উল্লেখ থাকতে হবে।

iv. সরবরাহযোগ্য সারের পরিমাণ;

v. সরবরাহযোগ্য সার আমদানির ক্ষেত্রে ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক সক্ষমতার সনদ

গ. মোটমূল্যে দাখিলকৃত আবেদনপত্র সমূহ হতে সর্বনিম্ন মূল্যের ক্রমানুসারে বেসরকারী পর্যায়ের আমদানিকারকগণের সার ভর্তুকির অন্তর্ভুক্তির জন্য মনোনীত হবে। মূল্যের যৌক্তিকতা যাচাইয়ের ক্ষেত্রে সমসাময়িক সময়ে বিএডিসি কর্তৃক আমদানিকৃত সারের মূল্য এবং সারের আন্তর্জাতিক মূল্য প্রকাশকারী বুলেটিন **Argus FMB** ও **FERTECON**-এর মূল্য তালিকায় প্রদর্শিত দরের সাহায্য নেয়া হবে। এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত মর্মে বিবেচিত হবে।

ঘ. বেসরকারী পর্যায়ে কোন সারের চাহিদা/কোটা ২.০০ লক্ষ মে. টন বা তার কম হলে ১৫% এবং ২.০০ লক্ষ মে. টনের অধিক হলে ১০% পর্যন্ত একক প্রতিষ্ঠান সরবরাহের আবেদন করতে পারবে।

ঙ. টিএসপি সার -মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, আলজেরিয়া, জর্ডান, ভিয়েতনাম, তুরস্ক, তিউনিশিয়া, লেবানন, মরক্কো, বুলগেরিয়া, মিশর; ডিএপি সার- মালয়েশিয়া, জর্ডান, ফিলিপান, তুরস্ক, অস্ট্রেলিয়া, সৌদি-আরব, মরক্কো, তিউনিশিয়া, আমেরিকা, চীন, রাশিয়া ও মেক্সিকো এবং এমওপি সার- রাশিয়া, বেলারুশ, কানাডা, চীন, জর্ডান, থাইল্যান্ড, উজবেকিস্তান ও জার্মানী হতে আমদানি করা যাবে। এ ছাড়াও ভবিষ্যতে অন্য কোন দেশ বিনির্দেশ মোতাবেক সার উৎপাদন করলে তা কৃষি মন্ত্রণালয়ের পূর্বানুমতি সাপেক্ষে আমদানি করা যাবে। পাউডার এমএপি সার আমদানির ক্ষেত্রে কৃষি মন্ত্রণালয়ের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

চ. সার আমদানির জন্য মনোনীত আমদানিকারক প্রতিষ্ঠান কোন-কোন মোকামে কি পরিমাণ সার মজুদ রাখবে তা কৃষি মন্ত্রণালয়কে অবহিত করবে। তবে প্রয়োজনবোধে মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত মোকামে সার মজুদ করতে আমদানিকারকগণ বাধ্য থাকবেন। যে মোকামে সার মজুদ রাখা হবে সে জেলার "জেলা সার ও বীজ মনিটরিং কমিটি"র সভাপতি ও সদস্য-সচিবকে সার মজুদের বিষয়টি অবহিত করতে হবে।

চলমান- ৩/৭

ছ. আমদানিকারক প্রতিষ্ঠানকে আবেদনপত্রের সাথে নিরাপত্তা জামানতস্বরূপ মোট মূল্যের ২% পে-অর্ডার (সচিব, কৃষি মন্ত্রণালয় বরাবর) জমা দিতে হবে এবং কার্যাদেশ পেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে মোট মূল্যের আরো ২% পে-অর্ডার (অর্থ্যাৎ মোট ৪%) হিসাবে জমা দিতে হবে। নির্ধারিত সময়সীমার মধ্যে সার সরবরাহে ব্যর্থ হলে পে-অর্ডারের ৪% অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে এবং সার সরবরাহে সক্ষম হলে পে-অর্ডার সংশ্লিষ্ট আমদানিকারককে যথাসময়ে ফেরৎ দেয়া হবে।

৯। সারের মান নিশ্চিতকরণকল্পে প্রত্যেক কনসাইনমেন্টের নমুনা সরকার বিনির্দেশিত ল্যাবরেটরীতে পরীক্ষা করতে হবে। বেসরকারীখাতে আমদানিকৃত সার দেশে পৌছার পর "সার আমদানি পরিদর্শন কমিটি" আমদানি দলিলাদি পরীক্ষা-নিরীক্ষা করে প্রকৃত আমদানিকৃত সারের পরিমাণ, উৎস, মূল্য ও সারের গুণগতমানসহ অন্যান্য তথ্য যাচাই-বাছাইপূর্বক এ সংক্রান্ত একটি প্রত্যয়নপত্রসহ দ্রুত কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা করবে। প্রত্যয়নপত্রের একটি কপি সংশ্লিষ্ট আমদানীকারককেও প্রদান করা হবে। তাছাড়া অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম এর কার্যালয়ে গঠিত ভর্তুকি সেল, আমদানিকারকগণের সার আমদানি দলিলাদি পরীক্ষা-নিরীক্ষাপূর্বক দ্রুত কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

১০। বেসরকারী পর্যায়ে আমদানিকৃত সারের স্থানীয় খরচ হিসাবে বর্তমানে প্রযোজ্য নিম্নের স্মারণীতে উল্লিখিত খরচসমূহ প্রদান করা হবে ঃ

ক্রমিক নং	খরচের বিবরণ	টাকা/টন
১	রিভার ডিউস/ল্যান্ডিং চার্জ	৪০.০০
২	স্টিভীডরিং	১৬০.০০
৩	সমুদ্র বন্দর হতে লাইটার/ছোট জাহাজে বিভিন্ন মোকামে পরিবহন	৫০০.০০
৪	লাইটার/ছোট জাহাজ হতে সার খালাস (লোকাল ব্যাগ আনলোডিং)	১৭০.০০
৫	সার্ভেয়ার/এসকর্ট	২০.০০
৬	গুদাম ভাড়া (প্রতি ব্যাগ ৩ টাকা হারে ২ মাসের)	১২০.০০
৭	গুদামের বীমা খরচ	৪৫.০০
৮	০৪ (চার) মাসের ব্যাংক সুদ	বাংলাদেশ ব্যাংকের পরামর্শ মোতাবেক সুদের হার নির্ধারিত হবে।
৯	মুনাফা	৩ % (সর্বমোট খরচের তিন শতাংশ)

১১। বেসরকারীভাবে আমদানিকৃত নন-ইউরিয়া সারের ক্ষেত্রে নির্ধারিত সময়ের অতিরিক্ত/বেশী সময়ের ব্যাংকসুদের বা অন্য কোন খরচ/সুবিধার দাবী গ্রহণযোগ্য হবে না। এ বিষয়ে বেসরকারী আমদানিকারকগণকে ৩০০ টাকার স্ট্যাম্পে মুচলেকা/ঘোষণা দিতে হবে (পরিশিষ্ট-ক)। উক্ত মুচলেকায় আরো উল্লেখ থাকবে যে, বেসরকারী আমদানিকারকগণ সংশ্লিষ্ট সকল নিয়ম-পদ্ধতি মেনে চলবেন এবং কোন ধরণের জাল/জালিয়াতির আশ্রয় গ্রহণ করবেন না। বিএডিসি ও বেসরকারী পর্যায়ে আমদানিকৃত সারের ক্ষেত্রে প্রকৃত আমদানি মূল্যের সাথে স্থানীয় খরচ যুক্ত করে মোট আমদানী মূল্য ও টনপ্রতি ভর্তুকির পরিমাণ নির্ধারণ করা হবে। স্থানীয় খরচের হ্রাস/বৃদ্ধির বিষয়টি 'ফসফেটিক ও পটাশ সারের স্থানীয় খরচসহ মোট আমদানি মূল্য ও টনপ্রতি ভর্তুকি নির্ধারণ সংক্রান্ত তদারকি কমিটি'র এখতিয়ারভুক্ত থাকবে।

চলমান- ৪/৭

১২। 'ফসফেটিক ও পটাশ সারের স্থানীয় খরচসহ মোট আমদানি মূল্য ও টনপ্রতি ভর্তুকি নির্ধারণ সংক্রান্ত তদারকি কমিটি' কর্তৃক নির্ধারিত টনপ্রতি ভর্তুকিসহ মোট ভর্তুকির পরিমাণ সম্পর্কিত তথ্য সংশ্লিষ্ট আমদানিকারককে অবহিত করা হবে, যার ভিত্তিতে আমদানিকারক কৃষি মন্ত্রণালয়ে বিল দাখিল করবে। "সার আমদানি পরিদর্শন কমিটি" কর্তৃক প্রত্যয়নপত্রসহ সংশ্লিষ্ট আমদানীকারক কর্তৃক দাখিলকৃত বিলের ভিত্তিতে এবং আমদানী সংক্রান্ত দলিলাদি ও বিল প্রি-অডিট সাপেক্ষে কৃষি মন্ত্রণালয় প্রতি অর্থ বছরে বাজেট বরাদ্দ সাপেক্ষে যুক্তিসংগত সময়ের মধ্যে ভর্তুকির অর্থ পরিশোধের ব্যবস্থা নিবে।

১৩। বেসরকারী পর্যায়ে আমদানিকৃত সার চাহিদা অনুযায়ী কৃষি মন্ত্রণালয় হতে বরাদ্দ প্রদান করা হবে। সার বরাদ্দ প্রদানের ক্ষেত্রে বন্দরে যে জাহাজের সার আগে পৌছবে সে জাহাজের সার আগে বরাদ্দ প্রদান করা হবে।

১৪। বিএডিসি ও বেসরকারী আমদানিকারকগণ কর্তৃক আমদানীকৃত এবং বিসিআইসি কর্তৃক উৎপাদিত সারের মজুদ থেকে কৃষি মন্ত্রণালয় প্রতিমাসের ১৫ তারিখের মধ্যে সকল জেলার জন্য পরবর্তী মাসের বরাদ্দ পত্র জারী করবে এবং মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ করবে। কৃষি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত বরাদ্দপত্র ডাউনলোড করে জেলা সার ও বীজ মনিটরিং কমিটির অনুমোদনক্রমে কিংবা কমিটির সভাপতিকে অবহিত রেখে কমিটির সদস্য-সচিব ও উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) জেলার ডিলারদের মধ্যে উপজেলার চাহিদা অনুসারে সমভাবে (মাসের শেষ কর্মদিবসের পূর্বেই পরবর্তী মাসের সার) উপ-বরাদ্দ প্রদান করবেন। বিএডিসি ও বেসরকারী আমদানিকারকগণ কর্তৃক আমদানীকৃত এবং বিসিআইসি কর্তৃক উৎপাদিত সার বিসিআইসি নিয়োজিত সার ডিলারদের মধ্যে উপজেলার চাহিদা অনুসারে সমভাবে উপ-বরাদ্দ প্রদান করতে হবে। তবে বিএডিসি'র বীজ ডিলারগণের মধ্যে যাহারা সার ডিলার হিসাবে বিএডিসিতে নিবন্ধিত তাদের অনুকূলে কেবলমাত্র বিএডিসি কর্তৃক আমদানীকৃত টিএসপি, ডিএপি ও এমওপি সার বরাদ্দ প্রদান করা যাবে। উপ-পরিচালক, ডিএই বরাদ্দকৃত সার ডিলারদের মাধ্যমে উত্তোলন ও কৃষকদের নিকট বিতরণের ব্যবস্থা নিশ্চিত করবেন।

১৫। আমদানিকারকগণের নিকট হতে বরাদ্দপ্রাপ্ত সার, উপ-বরাদ্দপত্র জারীর দুই মাসের মধ্যে ডিলার কর্তৃক উত্তোলন করতে হবে। দুই মাসের মধ্যে ডিলার সার উত্তোলন না করলে সার আমদানিকারক উক্ত সার বৈধ সার ব্যবসায়ীর নিকট বিক্রয় করতে পারবেন। এক্ষেত্রে সার আমদানিকারকগণ অবশ্যই বিষয়টি (কোন স্থানে, কার কাছে, কত পরিমাণ, কখন) মন্ত্রণালয়কে অবহিত করবেন। বৈধ সার ব্যবসায়ী (ডিলার/খুচরা বিক্রেতা) ছাড়া কেউ সার ব্যবসার সাথে যুক্ত হলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। সার মজুদ থাকা সত্ত্বেও কৃত্রিম সংকট সৃষ্টি বা অধিক মুনাফা অর্জনের উদ্দেশ্যে কোন আমদানিকারক ডিলারদেরকে সার সরবরাহ না করলে উক্ত আমদানিকারককে কালো তালিকাভূক্ত করা হবে এবং ভর্তুকির দাবী বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭। বেসরকারী আমদানিকারকগন কর্তৃক প্রতিমাসের ৭ তারিখের মধ্যে নির্ধারিত ছকে (পরিশিষ্ট-খ) জেলায় সরবরাহকৃত সার সংক্রান্ত যাবতীয় তথ্য আবশ্যিকভাবে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। একইভাবে উপ-পরিচালক-কৃষি সম্প্রসারণ অধিদপ্তরও প্রতিমাসের ৭ তারিখের মধ্যে নির্ধারিত ছকে (পরিশিষ্ট-গ) ডিলার কর্তৃক দাখিলকৃত আগমনীবার্তার ভিত্তিতে জেলায় উত্তোলিত সার সম্পর্কিত তথ্য আবশ্যিকভাবে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

চলমান- ৫/৭

১৮। ডিলারগণ যে কোন উৎস থেকে সংগৃহিত যে কোন সার (সকল সার) উপজেলায় পৌঁছার সাথে সাথেই উপজেলা কৃষি অফিসারের নিকট আগমনী বার্তা দাখিল করবেন। আগমনী বার্তা পাওয়ার পর ২৪ ঘন্টার মধ্যে উপজেলা কৃষি অফিসার বা তাঁর নিকট হতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কর্মকর্তা সরেজমিন পরিদর্শনপূর্বক সার বিক্রয়ের অনুমতি প্রদান করবেন। বিসিআইসির সার ডিলারগণ বরাদ্দের সারসহ বরাদ্দের বাইরেও কোন সার উত্তোলন করে থাকলে আবশ্যিকভাবে আগমনী বার্তা দাখিল করবেন। বিএডিসির বীজ ডিলারগণের মধ্যে যারা সার ডিলার হিসাবে নিবন্ধিত তাদেরকেও আবশ্যিকভাবে উপজেলা কৃষি অফিসারের নিকট আগমনী বার্তা দাখিল করতে হবে।

১৯। জেলা সার ও বীজ মনিটরিং কমিটি সরকার নির্ধারিত কৃষক/ব্যবহারকারী পর্যায়ে সর্বোচ্চ বিক্রয় মূল্যের মধ্যে কৃষকদের/ব্যবহারকারীদের নিকট সার বিক্রয় নিশ্চিত করবে। কোন আমদানিকারক বা ডিলার যদি সরকার নির্ধারিত দামের চেয়ে বেশী দামে সার ক্রয়-বিক্রয় করে এবং তা প্রমাণিত হয় তবে তার নিবন্ধন/রেজিষ্ট্রেশন বাতিলসহ তাকে কালো তালিকাভূক্ত করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২০। যৌক্তিক কারণে জেলার/উপজেলার নির্ধারিত বরাদ্দের অতিরিক্ত সারের প্রয়োজন হলে চাহিদা এবং মজুদ বিবেচনায় প্রয়োজনীয় পরিমাণ সার কৃষি মন্ত্রণালয় হতে বরাদ্দ প্রদান করা হবে।

২১। কোন আমদানিকারকের বর্তমান মজুদ ও গুদামজাত সারের ব্যাপারে কোন মামলা থাকলে তা' ভর্তুকির আওতাভুক্ত হবে না। কোন আমদানিকারক এ সংক্রান্ত তথ্য গোপন করে ভর্তুকি/সহায়তার সুবিধা নিয়েছেন মর্মে পরবর্তীতে প্রমাণিত হলে ভর্তুকির টাকা আদায় এবং নিবন্ধন বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২২। ভর্তুকির সুবিধা যাতে কৃষক/ব্যবহারকারী পেতে পারেন তা নিশ্চিতকরণে বিসিআইসি কর্তৃক উৎপাদিত এবং বিএডিসি ও বেসরকারী খাতে আমদানিকৃত নন-ইউরিয়া সার ডিলারদের মাধ্যমে বিতরণ/সরবরাহ ও মূল্য পরিস্থিতিসহ সংশ্লিষ্ট বিষয়াদি কৃষি মন্ত্রণালয় থেকে নিয়মিত তদারকি করা হবে।

২৩। বিএডিসি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সাথে সমন্বয় রক্ষা করে বিসিআইসি'র সার ডিলার ও বিএডিসি'র বীজ ডিলার হতে নিবন্ধিত সার ডিলারদের মাধ্যমে ভর্তুকির সার বিক্রয়ের বিষয়টি তদারকি করবে।

২৪। এ পদ্ধতির যে কোন অনুচ্ছেদের ব্যাপারে কৃষি মন্ত্রণালয়ের ব্যাখ্যা চূড়ান্ত মর্মে বিবেচিত হবে।

২৫। জনস্বার্থে কৃষি মন্ত্রণালয় যে কোন সময় এ পদ্ধতি পরিমার্জন, সংশোধন, সংযোজন ও পরিবর্তন করতে পারবে।

চলমান- ৬/৭

২৬। এ পদ্ধতি জারীর সাথে সাথে ইতোপূর্বে জারীকৃত এ সংক্রান্ত পদ্ধতি বাতিল বলে গণ্য হবে। ইতোপূর্বে জারীকৃত পদ্ধতি বাতিল হওয়া সত্ত্বেও বাতিলকৃত পদ্ধতির অধীন কৃত কর্ম ও গৃহীত ব্যবস্থাদি এমনভাবে চলমান বা অব্যাহত থাকবে যেন উহা এই পদ্ধতির অধীন নিস্পন্নযোগ্য।

(শেখ বদিউল আলম)
উপ-প্রধান
(কৃষি অর্থনীতিবিদ)
ফোনঃ ৯৫৪০৬০৬
ই-মেইল : alam.badiul@gmail.com
dcfmm@moa.gov.bd

বিতরণ (কার্যার্থে) ঃ

১ । চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, দিলকুশা, ঢাকা।
২। চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, ঢাকা।
৩ । জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি(---------- সকল)
৪ । উপ-পরিচালক,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য -সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি(সকল)
৫ । চেয়ারম্যান,বিএফএ,আলরাজি কমপ্লেক্স,১৬৬-১৬৭ পুরানা পল্টন,ঢাকা।
(সার আমদানিকারকগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
৬। প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১ । গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল বা/এ, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
৪। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই), খামরবাড়ী,ঢাকা।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
৮। মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

পরিশিষ্ট-ক

অঙ্গীকারনামা

(নমুনা)

আমি (আমদানিকারক প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও নিবন্ধন নম্বর) এই মর্মে অঙ্গিকার করছি যে, ১। এলসি নং---------- তারিখঃ--------এর মাধ্যমে (দেশের নাম) হতে আমদানিকৃত--- মে. টন --- (সারের নাম) সার সরকার ঘোষিত পদ্ধতি ও এ সংক্রান্ত যাবতীয় সরকারী নির্দেশাবলী যথাযথভাবে পালন করার শর্তে সরকারের ভর্তুকি কর্মসূচীর আওতাভূক্ত করার অভিপ্রায় ব্যক্ত করছি।

২। সার আমদানি ও আমদানি সংক্রান্ত তথ্যাদি দাখিল করার ক্ষেত্রে কোন প্রকার মিথ্যা, জালিয়াতি বা প্রতারণার আশ্রয় গ্রহণ করি নাই বা করবো না। উপরন্ত নির্ধারিত সময়ের অতিরিক্ত/বেশী সময়ের ব্যাংক সুদ বা অন্য কোন খরচ/সুবিধার দাবী উত্থাপন করব না।

৩। কৃষি মন্ত্রণালয় কতৃক আমদানিকারক পর্যায়ে নির্ধারিত মূল্যে বিসিআইসি'র সার ডিলারদের নিকট সার বিক্রয় করতে বাধ্য থাকব। সরকারের কাছ থেকে ভর্তুকি সুবিধা লাভের আশায় মিথ্যা তথ্য প্রদান, জালিয়াতি ও প্রতারনার আশ্রয় নিয়েছি বলে প্রমাণিত হলে সরকার আমার ভর্তুকির দাবী অগ্রাহ্য করাসহ আমদানিকারক হিসেবে নিবন্ধন বাতিল এবং আমার প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রচলিত আইনে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

স্বাক্ষরঃ
নামঃ
পদবীঃ
প্রতিষ্ঠান

পরিশিষ্ট-খ

ভর্তুকির আওতায় আমদানিকৃত টিএসপি, ডিএপি ও এমওপি সারের আমদানিকারক কর্তৃক বিক্রয়ের তথ্য

প্রতিবেদনাধীন মাসের নামঃ ------------------- প্রতিবেদনের তারিখ ঃ - - -

০১। আমদানিকারকের নাম ঃ - - - - - - - -- - - - - - - - - - - -- - - - - - - - -

০২। সারের তথ্য ঃ

সারের নাম	এলসি নং, তারিখ ও ব্যাংকের নাম	যে দেশ হতে আমদানিকৃত	আমদানিকৃত সারের পরিমাণ

০৩। যে মোকামে সংরক্ষিত তার নাম ঃ

সারের নাম ও এলসি নং	মোকামের নাম ও সারের পরিমাণ			
	চট্টগ্রাম	নারায়ণগঞ্জ	নগরবাড়ী	নওয়াপাড়া

০৪। কোন জেলায় কি পরিমাণ সার বিক্রয় হয়েছে তার বিবরণঃ (বরাদ্দকৃত সারের ক্ষেত্রে)

সারের নাম ও এলসি নং	এলসি নং ও তারিখ	জেলার নাম	বিক্রিত সারের পরিমাণ(মে. টন)

** বরাদ্দের বাইরে (নন-ইউরিয়া সার আমদানি, বিক্রয় ও ভর্তুকি বিতরণ পদ্ধতির অনুচ্ছেদ-১৫ মোতাবেক) কত পরিমাণ সার বিক্রয় হয়েছে তার বিবরণ ঃ

সারের নাম	এলসি নং ও তারিখ	ডিলারের নাম ও ঠিকানা	বিক্রিত সারের পরিমাণ(মে. টন)

০৫। বিক্রয়বাদে বর্তমান মজুদ(মে. টন)ঃ

সারের নাম	এলসি নং, তারিখ ও ব্যাংকের নাম	বিক্রিত সারের পরিমাণ	বিক্রয় বাদে বর্তমান মজুদ (শে. টন)

আমদানিকারকের স্বাক্ষর ও সীল

তারিখ ঃ - - - -- - - - - - - -

পরিশিষ্ট-গ

ভর্তুকি প্রদত্ত টিএসপি, ডিএপি ও এমওপি সারের বিক্রয় ও মজুদের তথ্য

জেলার নামঃ প্রতিবেদনাধীন মাসের নামঃ ---------- প্রতিবেদনের তারিখ ঃ -

১।

সারের নাম	মাসিক অনুমোদিত চাহিদার পরিমাণ (মে. টন)	অতিরিক্ত বরাদ্দ (যদি থাকে) (মে. টন)	ডিলার কর্তৃক উত্তোলিত সারের পরিমাণ			মোট উত্তোলিত সারের পরিমাণ (মে. টন)
			বিএডিসি	বিসিআইসি	বেসরকারী	

০৩। ডিলার কর্তৃক বেসরকারী আমদানিকারকদের নিকট হতে সার উত্তোলিত হলে তার বিবরণঃ

সারের নাম	আমদানিকারকদের নাম	এলসি নং ও তারিখ	উপজেলা ওয়ারী ডিলার কতৃক উত্তোলিত সারের পরিমাণ(মে. টন)

০৪। জেলার বর্তমান মজুদ

সারের নাম	মোট মজুদের পরিমাণ (মে. টন)

স্বাক্ষর ও সীল
উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
তারিখ ঃ - - - - -- - - - - - -

কৃষি মন্ত্রণালয়

কৃষি অর্থনীতি গবেষণা অধিশাখা

নং ১২.০৩১.০৪০.০২.২১.২৭৬(১).২০০৬-৮৭২ তারিখ ঃ ০৮/১১/২০১০খ্রিঃ

বিষয় ঃ **নন-ইউরিয়া (টিএসপি,ডিএপি এমওপি) এবং অন্যান্য সারে ভর্তুকি প্রদানের পদ্ধতি**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, চলতি ২০১০-২০১১ অর্থ বছর থেকে নন-ইউরিয়া (টিএসপি, এমওপি (পটাশ), ডিএপি এবং অন্যান্য সারে ভর্তুকি প্রদানের জন্য নিম্নোক্ত পদ্ধতি অনুসৃত হবে ঃ

১. বিএডিসি কর্তৃক আমদানীকৃত, বিসিআইসি কর্তৃক উৎপাদিত এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) ঢাকা কর্তৃক নিবন্ধিত প্রকৃত আমদানিকারকদের মাধ্যমে বেসরকারি পর্যায়ে আমদানীকৃত নন-ইউরিয়া সার আমদানির ক্ষেত্রে ভর্তুকি সহায়তা প্রদান কার্যক্রম অব্যাহত থাকবে।

২. যে সকল নন-ইউরিয়া সার ভর্তুকির আওতাভুক্ত হবে সেগুলো নিম্নরূপ ঃ

(ক) টিএসপি;

(খ) এমওপি (পটাশ);

(গ) ডিএপি; এবং

(ঘ) অনুমোদিত বিনির্দেশ অনুযায়ী আমদানীকৃত ও সময়ে সময়ে সরকার কর্তৃক ভর্তুকির আওতাভুক্তকরণের জন্য গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে অন্য কোন নন ইউরিয়া সার।

৩. (ক) বাৎসরিক চাহিদার নিরিখে এবং সরকার অনুমোদিত সংগ্রহ পরিকল্পনার (Procurment Plan) এর আওতায় কৃষি মন্ত্রণালয়কে অবহিত রেখে বেসরকারি আমদানীকারকগণ নির্ধারিত পরিমাণ নন-ইউরিয়া সার আমদানীর পদক্ষেপ গ্রহণ করবে।

(খ) বিএডিসি সরকারি সিদ্ধান্ত মোতাবেক নির্ধারিত পরিমাণ নন-ইউরিয়া সার আমদানি করবে

(গ) বিসিআইসি সরকার কর্তৃক নির্ধারিত পরিমাণ নন-ইউরিয়া সার উৎপাদন করবে

৪. কৃষক/ব্যবহারকারী পর্যায়ে নন-ইউরিয়া সারের সর্বোচ্চ বিক্রয়মূল্য ও ডিলারের ক্রয়মূল্য সময়ে সময়ে সরকার নির্ধারণ করবে।

৫. বিএডিসি ও বেসরকারি আমদানীকারকদের ক্ষেত্রে প্রকৃত আমদানী এবং বিসিআইসি প্রকৃত উৎপাদিত সারের পরিমাণের উপর ভর্তুকি প্রাপ্য হবে।

৬. (ক) বিএডিসি ও বেসরকারি পর্যায়ে আমদানিকৃত সারের ক্ষেত্রে স্থানীয় খরচসহ নির্ধারিত আমদানী মূল্য ও সরকার কর্তৃক নিরূপিত ডিলারের ক্রয়মূল্যের পার্থক্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ভর্তুকি হিসাবে প্রাপ্য হবে।

(ক) বিসিআইসি'র উৎপাদিত টিএসপি ও ডিএপি সারের ক্ষেত্রে বিসিআইসি এক্স-ফ্যাক্টরী মূল্য নিরূপণ করবে এবং সরকার কর্তৃক নিরূপিত ডিলারের ক্রয়মূল্য বাদে মোট উৎপাদন খরচের অবশিষ্ট টাকা বিসিআইসি ভর্তুকি হিসাবে প্রাপ্য হবে।

৭. সরকার অনুমোদিত সংগ্রহ পরিকল্পনার (Procurment Plan) আওতায় আমদানীকৃত সমপরিমাণ নন-ইউরিয়া সার ভর্তুকির আওতাভুক্ত হবে। অতিরিক্ত সার আমদানী করা হলে তা' ভর্তুকির আওতাভুক্তকরণের জন্য সরকার বাধ্য থাকবে না

৮. 'কান্ট্রি অব অরিজিন' বা সার উৎপাদনকারী দেশের অবস্থানের কারণে সারের এফওবি মূল্য ও ফ্রেইট এর ভিন্নতা/তারতম্য পরিলক্ষিত হয় বিধায় ভর্তুকি প্রদানের পূর্বে সংগত কারণে এ সবের ভিত্তিতে সারের সিএন্ডএফ/সিএফআর মূল্য নিরূপণ/নির্ধারণ করা হবে।

৯. সম্ভাব্য ওভার ইনভয়েসিং রোধকল্পে প্রত্যেক সারের উপর প্রদেয় ভর্তুকির পরিমাণ, প্রকার ও উৎস ভেদে নিদির্ষ্টকরণ করতে হবে। আমদানি মূল্য যাই হোক না কেন বিশ্ব বাজারে (কান্ট্রি অব অরিজিন এর ভিত্তিতে) সারের মূল্যের সাথে সামঞ্জস্যতা রেখে এবং সার সংক্রান্ত FMB/FERTECON বুলেটিন পর্যালোচনাক্রমে ও বিএডিসি'র ক্রয়মূল্য ও ক্রয়ের সময়কালের (একই উৎস হতে সংগ্রহ করা হলে) সাথে সামঞ্জস্য রেখে ভর্তুকির আওতায় অন্তর্ভুক্ত সারের আমদানি মূল্য নির্ধারিত হবে।

১০. আমদানিকৃত নন-ইউরিয়া সারের এফওবি/সিএফআর মূল্য অবশ্যই FMB/FERTECON বুলেটিন-এ প্রদর্শিত দেশভিত্তিক দরের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। ওভার ইনভয়েসিং এর প্রবণতা রোধকল্পে আমদানিকৃত সারের মূল্য যাচাইয়ের সুবিধার্থে FMB/FERTECON এ প্রদর্শিত দেশভিত্তিক দরের সামঞ্জস্যতা পরীক্ষান্তে (আমদানিকৃত সারের সাথে অনুমোদিত স্থানীয় খরচ যোগ করে) সঠিক প্রমাণিত হলে তা' ভর্তুকি কর্মসূচীতে অন্তর্ভুক্ত হবে। অন্যথায় আমদানীকৃত সার ভর্তুকি কর্মসূচীর আওতাভুক্ত হতে পারবে না।

১১. টিএসপি সার ভর্তুকির আওতাভুক্তকরণের উদ্দেশ্যে যথাক্রমে তিউনিশিয়া, মরক্কো, জর্ডান ও চায়না হতে আমদানিকৃত টিএসপি সার অগ্রাধিকারভিত্তিতে ভর্তুকির আওতাভুক্ত হবে। তবে সরকারি চাহিদা/প্রয়োজনে এ অগ্রাধিকারক্রমের বিষয়টি পরিবর্তন করা যাবে। এমওপি এবং ডিএপি সার ভর্তুকির আওতাভুক্তকরণের জন্য বন্দরে জাহাজ আগমনের সময়কালের সাহায্য নেয়া হবে।

১২. সারের মান নিশ্চিতকরণকল্পে প্রত্যেক কনসাইনমেন্টের নমুনা সরকার বিনির্দেশিত ল্যাবরেটরীতে পরীক্ষা করতে হবে। বেসরকারি খাতে আমদানিকৃত সার দেশে পৌছার পর পোস্ট ল্যান্ডিং ইন্সপেকশন কমিটি (Post Landing Inspection Committee) আমদানি দলিলাদি পরীক্ষা-নিরীক্ষা করে প্রকৃত আমদানিকৃত সারের পরিমাণ, উৎস, মূল্য ও সারের গুণগতমানসহ অন্যান্য তথ্য যাচাই-বাছাইপূর্বক একটি প্রত্যয়নপত্রসহ দ্রুত কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা করবে। প্রত্যয়ন পত্রের একটি কপি সংশ্লিষ্ট আমদানীকারককেও প্রদান করা হবে।

১৩. কোন বেসরকারি আমদানীকারক যে কোন প্রকার নন-ইউরিয়া সার আমদানীর জন্য কোন এল/সি স্থাপন করলে এলসির কপিসহ তাৎক্ষণিকভাবে তা কৃষি মন্ত্রণালয়কে অবহিত করবেন। এল/সি স্থাপন সম্পর্কিত তথ্য এবং পরবর্তীতে আমদানিকৃত সারের জাহাজ বন্দরে পৌছার সময়কালের ভিত্তিতে সংগ্রহ পরিকল্পনায় (Procurment Plan) নির্ধারিত পরিমাণ সার ভর্তুকির আওতাভুক্ত করা হবে। আমদানীকৃত সার যে মোকামে সংরক্ষণ করা হবে সেই জেলার জেলা প্রশাসক ও সভাপতি জেলা সার ও বীজ মনিটরিং কমিটিকে অবহিত করতে হবে। এল/সি স্থাপন সম্পর্কিত তথ্য মন্ত্রণালয়ে অবহিত না করে পরবর্তীতে আগমনী বার্তা দাখিল করা হলে উক্ত সার ভর্তুকির আওতাভুক্তকরণের জন্য সরকার বাধ্য থাকবে না।

১৪. পোস্ট ল্যান্ডিং ইন্সপেকশন কমিটি'র নিকট থেকে প্রাপ্ত কাগজপত্র ও আমদানীকারক কর্তৃক দাখিলকৃত আগমনী বার্তা কৃষি মন্ত্রণালয়ে গঠিত মূল্য নির্ধারণ ও তদারকি কমিটি'র সভায় উপস্থাপন করা হবে। মূল্য নির্ধারণ ও তদারকি কমিটি আমদানিকারক পর্যায়ে টনপ্রতি মোট আমদানি মূল্য নির্ধারণের ক্ষেত্রে

উৎস ভেদে এলসি মূল্যের (এফওবি/সিএন্ডএফ) সাথে উক্ত কমিটি কর্তৃক অনুমোদিত স্থানীয় খরচের আইটেমসমূহ যোগ করে আমদানিমূল্য নিরূপণ করা হবে। বেসরকারি পর্যায়ে আমদানিকৃত সারের ক্ষেত্রে মোট বিনিয়োগের উপর ৩% মুনাফা যোগকরতঃ প্রত্যেক কনসাইনমেন্টের টনপ্রতি মোট আমদানি মূল্য নিরূপণ করবে। এ বিষয়ে উল্লেখ্য যে, বেসরকারিভাবে আমদানিকৃত নন-ইউরিয়া সারের ক্ষেত্রে মূল্য নির্ধারণ ও তদারকি কমিটি কর্তৃক অনুমোদিত সময়ের চেয়ে অতিরিক্ত সময়ের ব্যাংকসুদ ও গুদামভাড়ার দাবী গ্রহণযোগ্য হবে না। বিএডিসি কর্তৃক আমদানিকৃত সারের ক্ষেত্রে প্রকৃত আমদানি মূল্যের সাথে অনুমোদিত স্থানীয় খরচ যুক্ত করে মোট আমদানী মূল্য নির্ধারণ করা হবে। মূল্য নির্ধারণ ও তদারকি কমিটি বিএডিসি ও বেসরকারিখাতে আমদানীকৃত সারের আমদানী মূল্যের সাথে টনপ্রতি ভর্তুকির পরিমাণও নির্ধারণ করবে।

১৫. পোস্ট ল্যান্ডিং ইন্সপেকশন কমিটি'র (Post Landing Inspection Committee) প্রত্যয়নপত্রসহ সংশ্লিষ্ট আমদানীকারক কর্তৃক দাখিলকৃত বিলের ভিত্তিতে এবং আমদানী সংক্রান্ত দলিলাদি ও বিল প্রি-অডিট সাপেক্ষে কৃষি মন্ত্রণালয় প্রতি অর্থ বছরে ত্রৈমাসিক ভিত্তিতে ভর্তুকির অর্থ পরিশোধের ব্যবস্থা নিবে। আমদানিকারকগণ তাদের দাখিলকৃত বিলের সঙ্গে নির্ধারিত ছকে (পরিশিষ্ট-ক) একশত পঞ্চাশ টাকার স্ট্যাম্প-এ একটি মুচলেকা/ঘোষণাপত্র প্রদান করবেন।

১৬. প্রতিটি জেলার অনুমোদিত চাহিদার ভিত্তিতে বিএডিসি ও বেসরকারি আমদানিকারকগণ কর্তৃক আমদানীকৃত এবং বিসিআইসি কর্তৃক উৎপাদিত সারের মজুদ থেকে কৃষি মন্ত্রণালয় বরাদ্দ পত্র জারী করবে। কৃষি মন্ত্রণালয় থেকে বরাদ্দকৃত সার জেলা সার ও বীজ মনিটরিং কমিটির অনুমোদনক্রমে বা কমিটিকে অবহিত রেখে কমিটির সদস্য-সচিব জেলার ডিলারদের মধ্যে উপ বরাদ্দ প্রদান করবেন। বিএডিসি ও বেসরকারি আমদানিকারকগণ কর্তৃক আমদানীকৃত এবং বিসিআইসি কর্তৃক উৎপাদিত সার বিসিআইসি নিয়োজিত সার ডিলারদের মধ্যে উপ বরাদ্দ প্রদান করতে হবে। তবে বিএডিসি'র বীজ ডিলারগণের মধ্যে যাহারা সার ডিলার হিসাবে বিএডিসিতে নিবন্ধিত তাদের অনুকূলে কেবলমাত্র বিএডিসি কর্তৃক আমদানীকৃত টিএসপি ও এমওপি সার বরাদ্দ প্রদান করা যাবে। উপ-পরিচালক বরাদ্দকৃত সার ডিলারদের মাধ্যমে উত্তোলন ও কৃষকদের নিকট বিতরণের ব্যবস্থা নিশ্চিত করবেন।

১৭. বেসরকারি আমদানিকারকগণ যথাক্রমে জুলাই-আগস্ট; মার্চ-এপ্রিল; ও মে-জুন মাসে একবার করে এবং সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর, জানুয়ারী এবং ফেব্রুয়ারী মাসের জন্য প্রতিমাসে একবার করে পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে নির্ধারিত ছকে (পরিশিষ্ট-খ) জেলায় সরবরাহকৃত সার সংক্রান্ত যাবতীয় তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে বাধ্য থাকবে। একইভাবে উপ-পরিচালক-কৃষি সম্প্রসারণ অধিদপ্তরও উল্লিখিত সময়ানুযায়ী নির্ধারিত ছকে (পরিশিষ্ট-গ) ডিলার কর্তৃক দাখিলকৃত আগমনীবার্তার ভিত্তিতে জেলায় উত্তোলিত সার সম্পর্কিত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

১৮. কোন বেসরকারি আমদানীকারক সার সরবরাহে ব্যর্থ হলে বা ডিলার আমদানীকারকের নিকট থেকে সার সরবরাহ না পেলে কৃষি মন্ত্রণালয় বিএডিসি'র আমদানী অথবা বিসিআইসি কর্তৃক উৎপাদিত সারের মজুদ থেকে বরাদ্দ প্রদান করবে। যুক্তি সংগত কারণ ব্যতীত, কৃত্রিম সংকট সৃষ্টি বা অধিক মুনাফা অর্জনের উদ্দেশ্যে সার মজুদ থাকা সত্ত্বেও কোন আমদানিকারক ডিলারদেরকে সার সরবরাহ না করলে উক্ত আমদানিকারককে কালো তালিকাভুক্ত করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৯. কোন আমদানীকারক জেলা সার ও বীজ মনিটরিং কমিটি'র অনুমোদিত বরাদ্দপ্রাপ্ত সার ডিলার ব্যতীত অন্য কোন অননুমোদিত সার ব্যবসায়ী বা খুচরা বিক্রেতার নিকট সার বিক্রি করতে পারবেন না। এ ধরণের কোন অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্ট আমদানীকারকের নিবন্ধন ও খুচরা বিক্রেতার আই ডি কার্ড বাতিল করা যাবে। একই সাথে অননুমোদিত সার ব্যবসায়ীর বিরুদ্ধে সার (ব্যবস্থাপনা) আইন ২০০৬ বা সংশ্লিষ্ট অন্য কোন আইনের আওতায় ফৌজদারী মামলা দায়ের করা যাবে।

২০. জেলার প্রতিটি ডিলার যে কোন উৎস থেকে সংগৃহিত সার উপজেলায় পৌঁছার সাথে সাথেই উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি বা সদস্য-সচিবের নিকট আগমনী বার্তা (arrival report) দাখিল করবেন। আগমনী বার্তা পাওয়ার পর সংশ্লিষ্ট কর্মকর্তা বা তাঁর নিকট থেকে ক্ষমতাপ্রাপ্ত অন্য কেউ সরেজমিন পরিদর্শনের পর বিক্রয় অনুমতি প্রদান করবেন।

২১. সরকার নির্ধারিত ডিলারের ক্রয়মূল্যের সাথে আনুষঙ্গিক ব্যয় (পরিবহন, হ্যান্ডলিং ইত্যাদি) ও মুনাফা ধরে জেলা সার ও বীজ মনিটরিং কমিটি কৃষক পর্যায়ে স্থানীয় বিক্রয় মূল্য নির্ধারণ করবে, তবে তা' কোনভাবেই সরকার নির্ধারিত কৃষক পর্যায়ে সর্বোচ্চ বিক্রয় মূল্যের বেশী হবে না।

২২. জেলা সার ও বীজ মনিটরিং কমিটি সরকার নির্ধারিত কৃষক/ব্যবহারকারী পর্যায়ে সর্বোচ্চ বিক্রয়মূল্যে অথবা সরকার কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত সর্বোচ্চ বিক্রয়মূল্যে কৃষকদের/ব্যবহারকারীদের নিকট সার বিক্রয় নিশ্চিত করবে। কোন আমদানিকারক বা ডিলার যদি সরকার নির্ধারিত দামের চেয়ে বেশী দামে সার ক্রয়-বিক্রয় করে এবং তা প্রমাণিত হয় তবে তার নিবন্ধন/রেজিস্ট্রেশন বাতিলসহ তাকে কালো তালিকাভুক্ত করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৩. জেলায় বরাদ্দের অতিরিক্ত সার যাতে সংশ্লিষ্ট ডিলারগণ উত্তোলন না করে সে বিষয়ে বিএফএ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

২৪. কোন আমদানিকারকের বর্তমান মজুদ ও গুদামজাত সারের ব্যাপারে কোন মামলা থাকলে তা' ভর্তুকি/সহায়তার আওতাভুক্ত হবে না। যদি কোন আমদানিকারক এ সংক্রান্ত তথ্য গোপন করে ভর্তুকি/সহায়তার সুবিধা নিয়েছেন বলে পরবর্তীতে প্রমাণিত হয় তাহলে ভর্তুকির টাকা ফেরৎ এবং নিবন্ধন বাতিলসহ তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৫. ভর্তুকির সুবিধা যাতে কৃষক/ব্যবহারকারী পেতে পারেন তা নিশ্চিতকরণে বিএডিসি, ও বেসরকারি খাতে আমদানিকৃত/বিসিআইসি উৎপাদিত টিএসপি, ডিএপি এবং এমওপি সার ডিলারদের মাধ্যমে বিতরণ, সরবরাহ মূল্য পরিস্থিতিসহ সংশ্লিষ্ট বিষয়াদি কৃষি মন্ত্রণালয় থেকে নিয়মিত মনিটরিং করা হবে। এর জন্য বর্তমান মনিটরিং ব্যবস্থাকে আরও শক্তিশালী করাসহ এর কার্যক্রম জোরদার করা হবে।

২৬. বিএডিসি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সাথে সমন্বয় রক্ষা করে সার ডিলার ও বিএডিসির সার ডিলার হিসেবে নিবন্ধিত বীজ ডিলারদের মাধ্যমে ভর্তুকির সার বিক্রয়ের বিষয়টি মনিটরিং করবে।

২৭. আমদানিকারক পর্যায়ে মূল্য নির্ধারণের লক্ষ্যে এবং প্রয়োজনে সারের মজুদ যাচাই/সরেজমিনে পরিদর্শন করার জন্য মজুদ পরিদর্শন উপ-কমিটি কাজ করবে।

২৮. এ পদ্ধতির যে কোন অনুচ্ছেদের ব্যাপারে কোন অস্পষ্টতা দেখা দিলে কৃষি মন্ত্রণালয়ের ব্যাখ্যা চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২৯. সার বিষয়ক জাতীয় সমন্বয় ও পরামর্শক কমিটির আহবায়কের অনুমোদনক্রমে যে কোন সময়ে এ পদ্ধতি পরিমার্জন, সংশোধন, সংযোজন ও পরিবর্তন করা যাবে।

পুনরাদেশ না দেয়া পর্যন্ত উপরোক্ত পদ্ধতি অনুসরণে ভর্তুকি কার্যক্রম পরিচালিত হবে।

মোঃ মোশাররফ হোসেন উপ-সচিব
উপ-প্রধান।

বিতরণ (কার্যার্থে) ঃ

১। চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, দিলকুশা, ঢাকা।
২। চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, ঢাকা।
৩। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি (---------- সকল)
৪। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি (------ সকল)
৫। চেয়ারম্যান, বিএফএ, আলরাজি কমপ্লেক্স, ১৬৬-১৬৭ পুরানা পল্টন, ঢাকা।
(সার আমদানিকারকগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল বা/এ, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
৫। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই), খামারবাড়ী, ঢাকা।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
৮। মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। অতিরিক্ত সচিব (প্রশা: ও উপ:) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।